ব্রাহ্মণদিগের এই মুখ্যকালে বিহিত সংস্কারের নিরবকাশ স্থলে বৃদ্ধির অনুরোধে অপকর্ষ সম্পিণ্ডন হইয়া থাকে। উপনয়নে দ্বাদশ বর্ষকাল অতিক্রম সম্ভাবনা থাকিলেই অপকর্ষ হইবে, কারণ তৎপরে, মহাব্যাহৃতি হোম রূপ প্রায়শ্চিত্তের বিধান আছে। এই প্রকার দশবর্ষ কাল উত্তীর্ণ বা তৎ সম্ভাবনা হইলেই সবর্ণজাতীয়া কন্যার বিবাহ অনুরোধে অপকর্ষ হইতে পারে। ব্রাহ্মণের পনেরো বৎসর তিন মাস বয়স উত্তীর্ণ হইলে বিবাহের অনুরোধে অপকর্ষ হইবে। স্ত্রী এবং শূদ্রদিগের এক মাত্র বিবাহই প্রধান সংস্কার এজন্য অনেকেই বলেন শূদ্রেরও ঐকালে বিবাহের অনুরোধে অপকর্ষ হইতে পারে, কিন্তু শূদ্রদিগের বিবাহে ঐ কাল বিশেষরূপ নির্দিষ্ট নাই। স্ত্রী ও শূদ্রদিগের বিবাহ ব্যতীত অন্যান্য সংস্কারের অনুরোধে অপকর্ষ করা সঙ্গত নহে।

যে কোন সংস্কার স্বকালে না হইলে পরবর্ত্তী "গৌণ" কালে করিতে হইবে, কালাত্যয় দোষের প্রায়শ্চিত্ত জন্য কর্ম্মারম্ভক মহাব্যাহৃতি হোম ব্যস্তসমস্ত মহাব্যাহৃতিরূপে করিতে হইবে, পতিত সংস্কার উপনয়নের পরে হইবে না। নামকরণাদি সংস্কার স্বকালে না হইলে (মুখ্যকালের অনুরোধ না থাকায় সাবকাশ বিধায়) উহা উত্তরায়ণে শুক্লপক্ষে ও বিহিত নক্ষত্রাদিতে শুদ্ধকালেই করিতে হইবে। দুই তিনটি সংস্কারলম্বিত স্থলে শেষ সংস্কারের বিহিত দিনই পূর্ব্বসংস্কারের কাল। সংস্কার সাধারণেরই কুলা-

চারানুসারে কালের গ্রাহ্যতা আছে। (কালাশুদ্ধিতে কর্ত্তব্যাকর্ত্তব্য ৩য় ভাগে ৯২ পৃষ্ঠায় দেখ) সংস্কারের শুভ তিথি নক্ষত্রাদি বিহিত দিন সকল পঞ্জিকাতেই বিশেষ থাকায় উহা লেখা হইল না।

শুভকর্ম্মের দিনে চন্দ্রশুদ্ধি থাকা প্রয়োজন [পঞ্জিকায় দেখ] তারা শুদ্ধি থাকিলেও ভাল হয়। যদি কর্ম্মদিবসীয় তিথি নক্ষত্রাদি তাদৃশ সুপ্রশস্ত না পাওয়া যায়, তবে ঐ দিন দেববর বিষ্ণুর বিশেষরূপ পূজা করিলেই সকল অশুভ খণ্ডন হইবে বলিয়া শাস্ত্রে বলিয়াছেন। চন্দ্র তারাদি বিরুদ্ধ জন্য, শঙ্খাদি উৎসর্গ করিবারও ব্যবস্থা আছে [২য় ভাগে স্বস্ত্যয়ন প্রকরণে দেখ]।

সংস্কারতত্ত্বে চূড়াপ্রকরণে বলিয়াছেন, কন্যাদিগের সংস্কারের প্রক্রিয়া সমস্তই অমন্ত্রক করিতে হইবে, কিন্তু তদঙ্গ হোমের এবং আভ্যুদয়িকের মন্ত্র পাঠ ব্রাহ্মণ দ্বারা হইবে। (এক্ষণে এতদ্দেশে অনেকে কন্যার অন্নপ্রাশনাদি সংস্কারে ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা মাত্র করিয়া কন্যার মুখে অন্ন দিয়া থাকেন, কেবল বিবাহে অধিবাস ও আভ্যুদয়িকাদি করা হয়। স্ত্রী এবং শূদ্রের ব্যবস্থা এক হইলেও শূদ্র পুত্রদিগের অন্নপ্রাশনাদি সকল সংস্কারেই আভ্যুদয়িক করা হয় এবং বিবাহ সংস্কারে কোন কোন সৎশূদ্রেরা ব্রাহ্মণ দ্বারা কন্যাঙ্গ হোম করাইয়া থাকেন)

গর্ভস্থ হইবার দিন ধরিয়া সাবন গণিত যুগ্মবর্ষে বিবাহ হইবে, অর্থাৎ যুগ্মবৎসরে (জন্মমাস হইতে) মাসত্রয় মধ্যে এবং অযুগ্ম বৎসরে মাসত্রয়ের পরে বিবাহাদি হইবে। কর্ণবেধ চূড়া ও কন্যার বিবাহ কর্ম্মেই যুগ্মবর্ষ বিবেচনার উল্লেখ আছে। জন্মমাসে কর্ণবেধ চূড়া ও বিবাহ নিষেধ কিন্তু ইহাতে স্নান দান হোম এবং কন্যার বিবাহ ও পুত্রের উপনয়ন প্রশস্ত। নিরবকাশ স্থলে জন্মমাসের দশদিন ত্যাগ করিয়া চূড়াদি হইতে পারে। পুত্রের জন্মবারে প্রায় সংস্কারাদি কার্য্য হয় না। শুভাশুভ বিবেচনার জন্য এই জন্মমাসাদি সৌর গ্রাহ্য।

শুক্রাস্তাদি অকালে বিবাহ হইলে দম্পতীর মধ্যে একের বিনাশ হয়, সুতরাং কন্যাকাল উত্তীর্ণ স্থলে নিরবকাশ বিধায় অন্ত সর্ব্বপ্রকার দোষ স্বীকার করিয়াও বিবাহ দেওয়া যায় কিন্তু বরের বিনাশ সূচক দোষপ্রভৃতি হেতুক পূর্ব্বোক্ত অকালে রঘুনন্দনের মতে বিবাহ দিবে না (অকাল ব্যবস্থা ৩য় ভাগে দেখ)।

গর্গ বলিয়াছেন,—জ্যৈষ্ঠমাসে ও অগ্রহায়ণমাসে প্রথমগর্ভসম্ভূত জ্যেষ্ঠ পুত্র এবং জ্যেষ্ঠা কন্যার বিবাহ, চূড়া ও উপনয়ন এবং বচনান্তরোক্ত অন্যান্য মঙ্গল কার্য্যও নিষেধ। নিরবকাশস্থলে জ্যৈষ্ঠ মাসের

দশদিন ত্যাগ করিলে হইতে পারে। [অন্যান্য উৎসব কার্য্যেও নিষিদ্ধমাসে দশ দিন ত্যাগ করিবার কথা আছে]। স্ত্রী জাতীর ও শূদ্রের বিবাহই প্রধান সংস্কার। অন্যান্য সংস্কার অমন্ত্রক করা হয়।

শাস্ত্রে বলিয়াছেন, ধর্ম্মার্থকামমোক্ষ লাভের মূলকারণই পত্নী সুতরাং বিবাহের পূর্ব্বে যত্ন পূর্ব্বক নারীর পরীক্ষা আবশ্যক। মনু বলিয়াছেন, হংস বা হস্তির ন্যায় মৃদুগামিনী সূক্ষ্ম লোম কেশ ও দন্তশ্রেণী বিশিষ্টা এবং অবিকলাঙ্গী ও কোমলাঙ্গী স্ত্রীই বিবাহে প্রশস্তা। শাতাতপ বলিয়াছেন, হংসধ্বনিবিশিষ্টা মেঘবর্ণা ঈষৎরক্তবর্ণাভলোচনযুক্তা কন্যাই গৃহস্থের সুখবর্দ্ধিনী। যাহার রক্ত-পদ্মাভবিশিষ্ট পদতল ভূমিতে সংলগ্ন থাকে সেই স্ত্রীই ধন্যা। সুকেশী সুদন্তা সুশীলা শোভনগতি বিশিষ্টা এবং যাহার লোম সমূহ সূক্ষ্ম, ভ্রূযুগল ও দন্ত পংক্তি সুন্দরদৃশ্য এবং যাহার নয়ন (পদ্মপাপড়ির) পদ্মপত্রের ন্যায় বিশাল ও যাহার মধ্যদেশ বোলতা কীটের ন্যায় বা সিংহের ন্যায় সূক্ষ্ম, সেই স্ত্রী হীন-কুলজাতা হইলেও বিবাহযোগ্যা।

মনু বলিয়াছেন, কপিল বা পিঙ্গলবর্ণা অধিকাঙ্গুলিবিশিষ্টা অতিলোমান্বিতা বাচালা রোগিণী এবং গঙ্গা, যমুনা, সরস্বতী, ভিন্ন নদীনাম্নী এবং মালতী, তুলসী ভিন্ন বৃক্ষনাসিকা এবং রেবতী রোহিণী ও

অশ্বিনী ভিন্ন নক্ষত্র নাম্নী এবং মাতৃনাম্নী পক্ষিনাম্নী বা ভীষণনাম্নী কন্যা অবিবাহ্যা কিন্তু বিবাহ কালে নামান্তর করিয়া বিবাহ করা যায়।

কৃত্যচিন্তামণিতে বলিয়াছেন, কেকর [টেরা] ও পিঙ্গলোচনা দুঃশীলা হাস্যকালে যাহার গণ্ড-দ্বয়ে কূপদ্বয় দৃষ্ট হয় সেই নারী বন্ধ্যা। খৃষ্টা কুদন্তা এবং যাহার কটিদেশ স্থূল কিম্বা যাহার পদযষ্টি লোমসমাকীর্ণা সেই নারী রাজকন্যা হইলেও ত্যজ্যা।

দ্বিরাগমন।—অষ্টম দশম ও দ্বাদশ বর্ষে দ্বিরাগমন বিহিত নহে। জ্যোতিঃসার সংগ্রহে বলিয়াছেন, সাবন গণিত বিবাহ মাসের মধ্যে যদি বধূ পিত্রালয় হইতে পতিগৃহে দ্বিতীয়বার আসিয়া থাকেন, তাহা হইলে আর দ্বিরাগমনে বিহিত বিশেষ দিনের প্রয়োজন নাই। দীপিকায় বলিয়াছেন, একগ্রামে বা চতুঃশালা মধ্যে কিম্বা দুর্ভিক্ষ বা রাষ্ট্রবিপ্লব উপস্থিত হইলে পতি কর্তৃক নীয়মানা বধূর সম্মুখ শুক্রাদি দোষ হইবে না। দ্বাদশ বর্ষ অতীত কিম্বা গর্ভাধান সংস্কার হইয়া গেলে দ্বিরাগমন বিহিত দিনের আবশ্যক নাই।

মৎস্য সূক্তে বলিয়াছেন,—যে কন্যা পিতৃগৃহে ভোজন করিয়া সেই দিনেই স্বামী গৃহে আসিয়া ভোজন করেন, তিনি দুর্ভগা ও কুলনায়িকা কর্তৃক শাপগ্রস্তা হয়েন।

গর্ভাধান ব্যবস্থা।

ভ্রূণের আধার (পঞ্চগব্য ভক্ষণাদি দ্বারা) শোধন করাকে গর্ভাধান সংস্কার কহে। গর্ভাধান, পুংসবন ও সীমন্তোন্নয়ন এই তিনটি সংস্কার দ্বারা গর্ভের আধার এবং তদধীন গর্ভস্থ বালকেরও সংস্কার হয়, এজন্য প্রথম একবার মাত্র ইহা অনুষ্ঠেয়। রজোদর্শন কাল হইতে ষোড়শ নিশা গর্ভাধানের কাল, ঐকাল মধ্যে প্রথম তিন বা চারি রাত্রি (শোণিত নিবৃত্তি না হওয়া পর্য্যন্ত) একাদশ ও ত্রয়োদশ রাত্রি এবং অষ্টম্যাদি পঞ্চপর্ব্ব কাল প্রভৃতি পরিত্যাজ্য। গর্ভাধানে পূর্ণা এবং রিক্তা তিথিও প্রশস্ত নহে, ভদ্রা ও জয়া তিথি শুভকার্য্যে প্রায় প্রশস্ত, এই কার্য্যে রবি মঙ্গল ও বৃহস্পতিবার প্রশস্ত, বুধবার নিষিদ্ধ। জ্যেষ্ঠা মূলা মঘা অশ্লেষা রেবতী কৃত্তিকা অশ্বিনী উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া ও উত্তর ভাদ্রপদ নক্ষত্র নিষিদ্ধ *।

মাস তিথি নক্ষত্র ও বার বিশেষে আদ্য ঋতুর ফলাফল পঞ্জিকাতে আছে। নিন্দিত নক্ষত্রাদিদুষ্ট ঋতুকাল হইলে তাহা পরিত্যাগ করিয়া পুনশ্চ ঋতুর অপেক্ষা করিবে, অথবা অঙ্গনার শান্তি ও তিথ্যাদি দোষ শান্তি জন্য তণ্ডুলাদি উৎসর্গ করিয়া সেই ঋতুতে গর্ভাধান করিবে।

---

* সাধারণতঃ স্ত্রীগমনেও উক্ত প্রায়শ্চিত্তার্হ পর্ব্বদিনাদি ত্যাগ করিবে, অপ্রশস্ত রিক্তাদি কাল সাবকাশ স্থলে ত্যাজ্য (৪ম ভাগে দারোপগমন বিধি দেখ)।

ঋতুর ষোড়শ রাত্রি মধ্যেই গর্ভাধান হওয়া শাস্ত্র, সুতরাং পতির অসন্নিধানাদি নিবন্ধন আদ্য ঋতুতে না ঘটালে পুনর্ব্বার রজো উপস্থিত কাল অপেক্ষা করিতে হইবে। (আধুনিক কোন কোন পণ্ডিত মহাশয় মুখ্যকালের পরবর্ত্তী সমস্ত কালকেই গৌণ কাল বিবেচনা করিয়া অনার্ত্তব সময়েও নবপুষ্পোৎসবের ব্যবস্থা করিতে চাহেন, সেটি যুক্তিসঙ্গত নহে, কারণ অনার্ত্তব অবস্থায় অকামুকী নারী গমনে পাপ শ্রুতি আছে এবং ইহা যুক্তিবিরুদ্ধ ও স্বাস্থ্যহানিকর কার্য্য। ঋতুদ্বারাই স্ত্রীদিগের রজোদোষ এবং অবৈধ ইন্দ্রিয় প্রবৃত্তি দোষ প্রভৃতি বিনষ্ট হইবার আভাষও শাস্ত্রে পাওয়া যায় সুতরাং প্রথম শুক্র শোণিত সংযোগ বিশুদ্ধ রূপ হওয়াই প্রয়োজন, এই জন্য ঋতুর প্রথম তিন দিন বিশেষতঃ আদ্য ঋতুতে গর্ভাধান না হওয়া পর্য্যন্ত নারীগণ হবিষ্যান্ন ভোজন প্রভৃতি নিয়মে বাধ্য থাকেন, এই সকল নিয়মাদি প্রাচীনা গণ অবগত আছেন (৫ম ভাগে বিস্তারিত দেখ) এবং গর্ভাধান দিবসে দম্পতী সায়ংকাল পর্য্যন্ত অভুক্ত থাকিয়া ভক্তিভাবে সর্ব্বভূতাত্মা সূর্য্যদেবকে জগদ্‌যোনি প্রভৃতি নামে অর্ঘ্য দান করিয়া থাকেন এবং পতি নবানুরাগসঞ্চালিতা নববধূর ইন্দ্রিয়বৃত্তি-প্রস্ফুরক শারীরিক স্থান বিশেষ সংস্পর্শনাদি রূপ কার্য্যদ্বারা নবপুষ্পোৎসব সমাধা করিয়া থাকেন। আর্য্যগণ যে কোন কার্য্যেই হউক তাহাতে সতর্কতার সহিত সম্যক্ নিবিষ্টচিত্ত হইবার জন্য পূর্ব্ব হইতে উদ্যোগী ও সাবধান হই-

তেন, এক্ষণে পাশ্চাত্যশিক্ষাভিমানী মহাশয়েরা এসকল কার্য্যের গুরুত্ব ও প্রয়োজনীয়তা না বুঝিয়াই অসভ্যজনানুমোদিত বলিয়া মনে করেন (৫ম ভাগে দারোপগমন বিধি)।

মনু বলিয়াছেন, ঋতুর যুগ্ম রাত্রিতে স্ত্রীগমনে পুত্র এবং অযুগ্ম নিশায় কন্যা সন্তান জন্মে। বিশেষ বলিয়াছেন, শুক্রাধিক্যে পুত্র ও শোণিতের আধিক্যে কন্যা এবং উভয়ের তুল্যতায় ক্লীব হইয়া থাকে। এসম্বন্ধে আধুনিকদিগের অনেক প্রকার মতামত আছে। (জন্ম কালীন তিথি নক্ষত্র বিশেষ এবং অন্যান্য নানা কারণেও জনক জননীর শারীরিক মানসিক স্বাস্থ্য ও শক্তির অবস্থানুসারে ও কাম ক্রোধাদি প্রবৃত্তির প্রাবল্য বা ক্ষীণতা অনুসারে পুত্র কন্যার শরীর মনের উৎকর্ষ অপকর্ষ সংঘটিত হইয়া থাকে)।

জ্যোতিষ তত্ত্বে বলিয়াছেন,—সাবন গণিত ষোড়শবর্ষবয়সে যে নারী গর্ভিণী হয় কিম্বা সন্তান প্রসব করে, সেই স্ত্রী সন্তান ও পতির সহিত বিনষ্ট হইয়া থাকেন, দৈবাৎ সংঘটনে ইহার জন্য পঞ্চাঙ্গ স্বস্ত্যয়ন এবং বিষ্ণু পূজাদিরূপ শান্তিরও বিধান আছে, সুতরাং শান্তি করিবে।

পুংসবন ব্যবস্থাদি।—গর্ভোৎপত্তি ঋতুকাল হইতে সাবন গণিত তৃতীয়মাস পুংসবন কাল (তৃতীয় মাসের আদিম দশ দিন প্রশস্ত)। প্রথম পুংসবনান্তর তদ্দিনেই দ্বিতীয় পুংসবন করিতে হইবে, কেহ কেহ দ্বিতীয় দিনেও দ্বিতীয় পুংসবন করিতে পারেন। পূর্ব্বে বলিয়াছি সন্তানের পুংত্ব কামনাই এই

সংস্কারের প্রধান উদ্দেশ্য। পিতা উপস্থিত না থাকিলে প্রতিনিধি স্বরূপ অন্য ব্যক্তি দ্বারাও পুংসবনাদি সংস্কার সকল করান যাইতে পারে (৩য় ভাগ ৬৫ পৃঃ দেখ)। পুংসবনসময়ে গর্ভিণীর হৃদয়দেশ পর্য্যন্ত প্রলম্বিত মেষ সূত্র নির্ম্মিত মালায় গুবাক জাতিফল প্রবাল স্বর্ণ ও রজত খণ্ড গাঁথিয়া দিবে।

[পঞ্চামৃত।—সাবনগণিত পঞ্চমমাসীয় গর্ভাবস্থায় বৈদিক মন্ত্রে (প্র ১১৩ পৃঃ) শোধিত পঞ্চগব্য লইয়া অভুক্তা গর্ভিণীকে সেবন করাইতে হয়। শর্করা মধু-দধি দুগ্ধ ও গব্য ঘৃত একত্র সংমিশ্রিত এই অমৃতকল্প পঞ্চ পবিত্র দ্রব্য মাতা ভোজন করিলে পর সন্তান উহার রসনার আস্বাদন দ্বারা নব উদ্দীপ্ত ক্ষুধা পিপাসা শান্তি করিয়া পরিতৃপ্ত হইয়া থাকেন (৫ম ৫৫ পৃঃ টীপ্পনী দেখ) এই দিনে প্রসূতিকে পায়স ভোজন করানও ব্যবহার আছে। সাত বা নয় মাসে বুভুক্ষা ক্ষয় জন্য সাধভক্ষণ প্রয়োজন]।

সীমন্তোন্নয়ন।—যথাকালে পুংসবন না হইয়া থাকিলে এইদিন প্রায়শ্চিত্তাত্মক ব্যস্ত সমস্ত মহাব্যাহৃতি হোম করিয়া পুংসবনান্তর সীমন্তোন্নয়ন করিতে হইবে। কেশ রচনা বিশেষকে সীমন্তোন্নয়ন বলে।

গোভিল বলিয়াছেন,—প্রথম গর্ভে সাবন চতুর্থ ষষ্ঠ বা অষ্টম মাসেই সীমন্তোন্নয়ন করিবে, এইস্থলে পূর্ব্ব পূর্ব্বকালের প্রশস্ততা কিন্তু চতুর্থ মাস সাধারণতঃ ব্যবহার্য্য নহে, ষষ্ঠ ও অষ্টম মাস তুল্য কাল অতএব নবম মাসাদি গৌণকালে সীমন্তোন্নয়ন করিতে হইলে কালাত্যয়জন্য প্রায়শ্চিত্তাত্মক মহাব্যাহৃতি হোমের

আবশ্যক। যদি প্রথম গর্ভে পুংসবন বা সীমন্তোন্নয়ন না হইতে গর্ভ নষ্ট হইয়া যায়, তবে দ্বিতীয়বার গর্ভোৎপত্তি হইলে পূর্ব্বোক্ত মাস বিশেষের নিয়ম নাই, এস্থলেই চতুর্থ মাস হইতে যাবৎ বালক প্রসব না হয় তাবৎ সীমন্তনের কাল কথিত হইয়াছে। বৃহৎ রাজমার্ত্তণ্ডেও বলিয়াছেন, অকৃত সীমন্তা নারীর নবপ্রসূতা বালককে ক্রোড়ে লইয়াও (জাতকর্ম্মের পূর্ব্বে) সীমন্তোন্নয়ন সংস্কার হইবে। এখন হইতে নদীতীর, দেবখাতোদক, দেবগৃহ, তরুমূল গমন ও সন্ধ্যাভ্রমণ গর্ভিণী ত্যাগ করিবেন।

নামকরণ-ব্যবস্থাদি *।

জন্মদিন হইতে সাবন গণিত একাদশ বা দ্বাদশদিন কিম্বা শতদিন নামকরণের কাল। একাদশ দিনই নামকরণের মুখ্যকাল। সাধারণতঃ মুখ্যকালের পরবর্ত্তী আগামী ক্রিয়া পর্য্যন্ত মধ্যকালই গৌণকাল হইলেও বচনোল্লিখিত দ্বাদশ দিনাদি অপেক্ষাকৃত প্রশস্ত। এক্ষণে অন্নপ্রাশনের দিনেই নামকরণ হয়।

---

* জাতকর্ম্ম ব্যবস্থাদি প্রকরণে লেখা হইয়াছে (৪র্থ ৮৭ পৃষ্ঠায় টীকা দেখ)। সূতিকা ষষ্ঠী পূজা পঞ্চম ভাগে সংগৃহীত হইয়াছে এবং শোষ্যন্তি হোম, পুত্রমূর্দ্ধাভিঘ্রাণ, পৌষ্টিক প্রভৃতি কাম্য কার্য্য এক্ষণে প্রায় ব্যবহার না থাকায় লিখিলাম না।

নামের] আদিতে, গ ঘ ঙ, জ ঝ ঞ, ড ঢ ণ, দ ধ ন, ব ভ ম, কিম্বা হ এই সকল ব্যঞ্জন বর্ণ এবং মধ্যে য র ল কিম্বা ব এবং অন্তে দীর্ঘ স্বর বা বিসর্গ যুক্ত (প্রথমা বিভক্ত্যন্ত) এবং যুক্তাক্ষর সমন্বিত নাম রাখিবে সুতরাং নারায়ণ জনার্দ্দন বিশ্বম্ভর বলিধ্বংসী ইত্যাদি প্রকার নামই প্রশস্ত। পূর্ব্বোক্ত নাম সকল বা অন্যান্য নাম গোত্রাশ্রিত বা দেবতাশ্রিত কিম্বা নক্ষত্রাশ্রিত করিয়া রাখাও শাস্ত্র সম্মত। গোত্রাশ্রিত যথা, দেবদত্তের পুত্র যজ্ঞদত্ত কিম্বা নবকৃষ্ণের পুত্র গোপীকৃষ্ণ ইত্যাদি। দেবতাশ্রিত যথা,—রামদাস হরিচরণ ইত্যাদি। নক্ষত্রাশ্রিত নাম শতপদ চক্রানুসারে উদ্ধার করিতে হয় এবং এই নাম গোপন রাখা আবশ্যক। দেবতাশ্রিত নামই উৎকৃষ্ট কারণ পুরাণে অজামীল উপাখ্যানে বর্ণিত আছে নারায়ণ নামক কনিষ্ঠ পুত্রকে অন্তিমকালে বারম্বার আহ্বান করিয়া নাম মাহাত্ম্যে ঘোর পাপী অজামীল যমদূতদিগকে বঞ্চনা পূর্ব্বক বিষ্ণুলোক প্রাপ্ত হইয়াছিলেন।

রাশ্যাশ্রিত নাম রাখিলে যাহাদিগের কোষ্ঠী নষ্ট হইয়া গিয়াছে বা কোষ্ঠী হয় নাই তাহাদিগের নামের আদ্যক্ষর ধরিয়াই সহজে রাশি নির্ণয় করিতে পারা যায়। রাশি না জানিতে পারিলে যে কোন ব্যক্তির নামের আদ্যক্ষর ধরিয়া রাশি নির্ণয় করিবার ব্যবস্থা আছে, ইহা পঞ্জিকাতে পাওয়া যায়। নিন্দিত বা বিরুদ্ধ নাম থাকিলে আবশ্যক মতে পরিবর্ত্তন করিতে হয় এজন্য গুরুদেবের।

শতপদ চক্রমতে নাম মিলাইয়া শিষ্যকে দীক্ষিত করেন। বিবাহকালে কন্যারও নিশ্চিত নাম পরিবর্ত্তন হয়।

মনু বলিয়াছেন,—স্ত্রীদিগের নাম এই প্রকার হইবে, যথা, যাহা সহজে উচ্চারিত হয় ও ক্রূর ভাব রহিত মনোহর এবং আশীর্ব্বাদ বাক্যের ন্যায় মাঙ্গল্য এবং যে নামের অর্থ স্পষ্ট ও যাহার অন্তে দকার বা দীর্ঘস্বর যুক্ত এবং সংযুক্ত বর্ণ রহিত তাহাই প্রশস্ত যথা,—যশোদা সুখদা ইত্যাদি।

দেবতা গুরু গুরুস্থান পুণ্যক্ষেত্র ও ক্ষেত্রাধিপদেবতা সিদ্ধ পুরুষ বা জীবিত মনুষ্যের নাম উচ্চারণের পূর্ব্বে শ্রীশব্দ ব্যবহার করিবে এবং নামান্তে ব্রাহ্মণের দেবশর্ম্মা, ক্ষত্রিয়ের বর্ম্মা বা ত্রাতা, বৈশ্যের গুপ্ত শূদ্রের দাস এইরূপ পদ যোগ করিয়া, শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীঅমুক দাস এইরূপ হইবে।

নিষ্ক্রমণ ব্যবস্থাদি।—জন্মদিন হইতে সাবন গণিত তৃতীয় মাসীয় শুক্লা তৃতীয়া তিথিতে প্রাতঃকালে বালককে স্নান করাইয়া পিতা বৃদ্ধি শ্রাদ্ধাদি করিয়া, সূর্য্যাস্তের অব্যবহিত পরে শিশুকে গৃহের বহির্দ্দেশে প্রথম আনয়ন পূর্ব্বক চন্দ্র দর্শনাদি করাইতে হয়, ইহাকেই নিষ্ক্রমণ বলে।। ঋগ্বেদি ও যজুর্ব্বেদিদিগের চতুর্থমাসে নিষ্ক্রমণ এবং সূর্য্যকে অর্ঘদান করিবার বিধি আছে।

(ভূমিষ্ঠ হওয়ার পর কিছুকাল গৃহমধ্যে শিশুকে আবদ্ধ রাখা বিশেষ আবশ্যক, কারণ সূর্য্যোত্তাপ ও

বায়ু বিবর্জ্জিত গাঢ় অন্ধকারময় গর্ভবাস হইতে নিক্রান্ত অভিনব শিশুর পক্ষে হঠাৎ সূর্য্যকিরণ ও প্রবল বায়ু অনিষ্টকর হয়, উহাদ্বারা দৈহিক উত্তাপহানি ধাতুর বৈষম্য ও চক্ষুরোগ প্রভৃতি জন্মিতে পারে, [বৃক্ষাদির বীজও বাতাতপ রহিত শীতল স্থানে শীঘ্র অঙ্কুরিত ও পরিপুষ্ট প্রথম অবস্থায় হইতে দেখা যায়, এই জন্য শাক সবজির বীজও প্রায় রাত্রিকালে অঙ্কুরিত হয়, এজন্য শীতপ্রধান দেশের কপি বীজাদি আচ্ছাদন করা হয়)।

অন্নপ্রাশন ব্যবস্থাদি। ষষ্ঠ বা অষ্টম মাস অন্নপ্রাশনের কাল, ষষ্ঠমাসইমুখ্য। স্ত্রীদিগের পঞ্চম বা সপ্তম মাস অন্নপ্রাশনের মুখ্যকাল, সপ্তম মাসই সাধারণতঃ ব্যবহার্য্য মুখ্যকালে পতিত সংস্কার অকালে হইবে না, শুক্রকালে তৎ কার্য্যের বিহিত দিনে করিবে।

পিতা দেবতা সমীপে অলঙ্কৃত বালককে স্বীয় ক্রোড়ে বসাইয়া, স্বর্ণোদক দ্বারা পবিত্রীকৃত মধু ও ঘৃতযুক্ত পায়শ ভোজন করাইয়া মাতার ক্রোড়ে ঐ শিশুকে প্রদান করিবেন। অনেক দেশে শিশুর মুখে অন্নদান পিতা মাতা করেন না, মাতুলাদি করিয়া থাকেন।

চূড়াকরণ ব্যবস্থাদি।

তৃতীয়বর্ষ চূড়াকরণের মুখ্যকাল, পঞ্চমবর্ষ ও দ্বিতীয়বর্ষ এবং প্রথম বর্ষেও চূড়াকরণ হইতে পারে।

ইহাতে যুগ্ম (যোড়া) বৎসর ও যুগ্ম মাস গ্রাহ্য নহে, অর্থাৎ ভূমিষ্ঠ হইতে সাবন গণিত যুগ্ম বৎসরের তিন মাসের পর অগ্রাহ্য। ঐরূপ অযুগ্ম বৎসরের তিনমাস পর্য্যন্ত অগ্রাহ্য ইহাকেই গর্ত্তজন্ম প্রভৃতি গণনা কহে, অর্থাৎ মাতৃগর্ভে প্রবেশদিন হইতে নবম মাস পর্য্যন্ত গর্ত্তবাসকাল। ঐ নবম মাস এবং জন্মের পর তিনমাস ধরিয়া যে দ্বাদশ মাসে বৎসর হইবে তাহা লইয়া যে যুগ্ম বৎসর হইবে তাহাই গ্রাহ্য। এজন্য বিবাহস্থলে বলিয়াছেন "তস্মাদ্‌গর্ভাব্দিতে যুগ্মে বিবাহে সা পতিব্রতা")। এবং জন্মমাস জন্মচন্দ্র ও জন্ম নক্ষত্র এবং চৈত্র মাস নিষিদ্ধ কিন্তু চৈত্র মাসে রবিবার পাইলে চূড়া হইতে পারে।

ক্ষৌরবিধি যথা,—দেবকার্য্য ও পিতৃকার্য্য সমাপন করিয়া সোম বা বুধবারে অনুৎকণ্ঠিতচিত্তে পূর্ব্ব বা উত্তর মুখ হইয়া আসনে উপবেশন পূর্ব্বক যথাক্রমে (শিখা ব্যতীত) কেশ শ্মশ্রু লোম এবং নখ ছেদন করাইতে হয়। জন্মমাস, জন্মতিথি ও জন্মনক্ষত্র, ব্রত, উপবাস ও শ্রাদ্ধদিনে সংযমদিনে, সংক্রান্তি দিনে কাম্যপূজাদিনে এবং সন্ধ্যা ও রাত্রিকালে ক্ষৌর হওয়া নিষেধ এবং গমনোৎসুক, তৈলাক্ত বা ভুক্ত ব্যক্তিরও ক্ষৌর নিষিদ্ধ। নাপিতগৃহে বসিয়া ক্ষৌর হইবে না এবং ক্ষৌরান্তে স্নান করিবে। জনন বা মরণাশৌচান্তদিনে কারামুক্তি বা বিবাহদিনে যজ্ঞাদিতে দীক্ষিত হইবার দিনে এবং রাজা বা ব্রাহ্মণের আজ্ঞাক্রমে নিষিদ্ধ বারাদিতেও ক্ষৌর হওয়া যায়।

কর্ণবেধ।

সাধারণতঃ কৌলিক নিয়মে কিম্বা চূড়াকরণদিনেই কর্ণবেধ হইয়া থাকে, ইহাতেও অযুগ্ম বৎসর শুক্লপক্ষ ও উত্তরায়ণাদি প্রশস্তকাল অপেক্ষা করিবে। জন্মমাস জন্মনক্ষত্র কিম্বা চৈত্র বা পৌষ মাসাদি বিহিত নহে। এস্থলেও চূড়ার ন্যায় গর্ভ জন্ম প্রভৃতি গণনা দ্বারা অযুগ্ম বৎসর গ্রাহ্য হইবে।

কৃত্যচিন্তামণ্যাদি গ্রন্থে বলিয়াছেন, অপত্যদ্বয় অর্থাৎ যথাক্রমে (পীঠাপীঠী) জাত সন্তানদ্বয় বর্ত্তমান থাকিতে যদি তৃতীয় সন্তান গর্ভস্থ হয়, তাহা হইলে ষট্‌কর্ণোৎপত্তি দোষ আশঙ্কা হইয়া থাকে, এই দোষ সংঘটন হইলে তিনটী সন্তানেরই অনিষ্ট হইবার আশঙ্কা আছে, এই অনিষ্ট নিবারণের জন্য শাস্ত্রে বলিয়াছেন যে, বর্ত্তমান জ্যেষ্ঠ বা কনিষ্ঠ সন্তানের মধ্যে যাহার রবি শুদ্ধি থাকিবে তাহার কর্ণবেধ করা আবশ্যক, অন্যথা মৃত্যু সম্ভব। ইহাতে জ্যেষ্ঠ কনিষ্ঠ ক্রম বিবেচনা নাই।

উপনয়ন ব্যবস্থাদি।

গৃহ্যোক্ত যে কর্ম্মদ্বারা বালক গুরুর সমীপবর্ত্তী হয়েন সেই কর্ম্মকেই উপনয়ন বলে। উপনয়নে (সাবকাশ বিধায়) উত্তরায়ণ শুক্লপক্ষাদি বিহিত বিশেষ প্রশস্ত দিনের অপেক্ষা করিবে।

গর্ভাষ্টম বা অষ্টম বর্ষ হইতে দ্বাদশ বর্ষ পর্য্যন্ত ব্রাহ্মণের উপনয়নের কাল (ব্রহ্মতেজ বৃদ্ধি কামনায় পঞ্চমবর্ষেও উপনয়ন হইতে পারে) দ্বাদশ বৎসর বয়স উত্তীর্ণ হইয়া গেলে ব্যস্ত সমস্ত মহাব্যাহৃতি হোমরূপ প্রায়শ্চিত্ত করিয়া উপনয়ন দিতে হইবে। পনেরো বৎসর তিনমাস বয়স উত্তীর্ণ হইলে ব্রাত্যদোষ জন্মে তন্নিবারণ জন্য চান্দ্রায়ণ এবং গোমূল্য এক কাহন দান করিয়া, উপনয়ন দিতে হইবে। পিতৃ মাতৃ রহিত নিঃস্ব ব্যক্তির ধেনুত্রয় মূল্য নবক'ষাপণ উৎসর্গ করিলেও হইবে।

কৃত্যচিন্তামণিতে বলিয়াছেন,—জন্মলগ্ন, জন্মতারা, জন্মমাস বা জন্ম নক্ষত্রে উপনয়ন দিলে, ব্রাহ্মণ বিদ্বান না হইলেও পৃথিবীতে পণ্ডিত বলিয়া বিখ্যাত হইবেন। ইহাতে চন্দ্র তারা ও গুরুশুদ্ধি প্রয়োজন।

ব্রহ্মচারী ক্ষৌম অর্থাৎ গৈরিক বা শণসূত্রনির্ম্মিত বস্ত্র, কৃষ্ণমৃগচর্ম্মের উপবীত, শর অভাবে কুশময়ী মেখলা, বিল্ব বা পলাশের দণ্ড ধারণ করিবেন, ঐ দণ্ড ত্বক্‌ বিশিষ্ট ও মস্তকের কেশ পর্য্যন্ত দীর্ঘ হইবে, অভাবে তাদৃশ বৃক্ষ হইতে দণ্ডান্তরেরও গ্রহণ করা যাইবে।

সমাবর্ত্তন।—পূর্ব্বকালে ব্রহ্মচারী উপনয়নদিনে বেদপাঠ আরম্ভ করিয়া, অষ্টম দ্বাদশ কিম্বা ষোড়শবর্ষ কাল গুরুগৃহে বাস পূর্ব্বক একাগ্রচিত্তে অধ্যয়ন করিতেন, পরে গুরুর অনুমতিক্রমে শুভদিনে গার্হস্থ্যাশ্রমে প্রবর্ত্তিত হইতেন, তৎপ্রবর্ত্তক নিমিত্তক হোমাদির নাম "সমাবর্ত্তন" এক্ষণে উহা উপনয়ন দিনেই সমাধা

হয় এবং গুরুগৃহ-বাসের অনুকল্পে দণ্ডাশ্রমে (দণ্ডি ঘরে) ত্রিরাত্র বাস পূর্ব্বক চতুর্থ দিবসীয় প্রাতঃকালে বংশ দণ্ড জলে প্রক্ষেপ (দণ্ডি ভাসান) করিয়া, স্নান করা ব্যবহার আছে।

বটুকভৈরব-স্তোত্রং।

সূত উবাচ। কৈলাসশিখরাসীনং দেবদেবং জগদ্‌গুরুং। শঙ্করং পরিপপ্রচ্ছ পার্ব্বতী পরমেশ্বরং॥ শ্রীপার্ব্বত্যুবাচ। ভগবান্ সর্ব্বধর্ম্মজ্ঞঃ সর্ব্বশাস্ত্রার্থপারগঃ। আপদুদ্ধারণং সর্ব্বং সর্ব্বসিদ্ধিপ্রদং নৃণাং॥ সর্ব্বেষাঞ্চৈব ভূতানাং হিতার্থং বাঞ্ছিতং ময়া। বিশেষতস্তু রাজ্ঞাং বৈ শান্তি-পুষ্টি-প্রসাধনং॥ অঙ্গন্যাস-করন্যাস জীবন্যাস-সমন্বিতং। বক্তুমর্হসি দেবেশ মম হর্ষবিবর্দ্ধনং।

শ্রীভগবানুবাচ। শৃণু দেবি মহামন্ত্রং আপদুদ্ধারহেতুকং। সর্ব্ব দুঃখপ্রশমনং সর্ব্বশত্রুনিবর্হণং॥ অপস্মারাদিরোগাণাং জ্বরাদীনাং বিশেষতঃ। নাশনং স্মৃতিমাত্রেণ স্তবরাজমিমং প্রিয়ে। গ্রহরাজভয়ানাঞ্চ নাশনং সুখবর্দ্ধনং। স্নেহাদ্বক্ষ্যামি তে মন্ত্রং সর্ব্বসারমিমং প্রিয়ে সর্ব্বকামার্থদং মন্ত্রং রাজ্যভোগপ্রদং নৃণাং। আপদুদ্ধারণং মন্ত্রং বক্ষ্যামিতি বিশেষতঃ॥ প্রণবং পূর্ব্বমুচ্চার্য্য দেবীপ্রণবমুদ্ধরেৎ। বটুকায়েতি তৎপশ্চাৎ আপদুদ্ধারণায় চ॥ কুরুদ্বয়ং ততঃ পশ্চাৎ বটুকায় পুনঃ ক্ষিপেৎ। দেবী-প্রণবমুদ্ধৃত্য মন্ত্রোদ্ধারং শৃণু প্রিয়ে! মন্ত্রোদ্ধারমিমং দেবি ত্রৈলোক্যে চাপি দুর্লভং। অপ্রকাশ্যমিমং মন্ত্রং সর্ব্বশক্তিসমন্বিতং॥

স্মরণাদেব মন্ত্রস্য ভূতপ্রেতপিশাচকাঃ। বিদ্রবন্তি ভয়ার্ত্তাঃবৈ কালরুদ্রাদিব প্রজাঃ॥ পঠেদ্বা পাঠয়েদ্বাপি পূজয়েদ্বাপি পুস্তকং। নাগ্নি চৌরভয়ং বাপি গ্রহরাজভয়ং তথা। ন চ মারীভয়ং তস্য সর্ব্বত্র সুখবান্ ভবেৎ। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং পুত্রপৌত্রাদিসম্পদঃ। ভবন্তি সততং তস্য পুস্তকস্যাপি পূজনাৎ।

শ্রীপার্ব্বত্যুবাচ। য এষ ভৈরবো নাম আপদুদ্ধারকো মতঃ। ত্বয়া চ কথিতো দেব ভৈরবঃ কল্প উত্তমঃ॥ তস্য নামসহস্রানি অযুতান্যর্ব্বুদানি চ। সারমুদ্ধৃত্য তেষাং বৈ নামাষ্টশতকং বদ॥ যস্তু সংকীর্ত্তয়েদেতৎ সর্ব্বমন্ত্রনিবর্হণং। সর্ব্বান্ কামানবাপ্নোতি সাধকঃ সিদ্ধিমেব চ!

শ্রীভগবানুবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি ভৈরবস্য মহাত্মনঃ॥ আপদুদ্ধারকস্যেহ নামাষ্টশতমুত্তমং॥ সর্ব্বপাপহরং পুণ্যং সর্ব্বাপদ্বিনিবারকং। সর্ব্বকামার্থদং দেবি সাধকানাং সুখাবহং। দেহাঙ্গন্যাসকঞ্চৈব পূর্ব্বং কুর্য্যাৎ সমাহিতঃ। ভৈরবং মূর্দ্ধ্নি বিন্যস্য ললাটে ভীমদর্শনং॥ অক্ষ্নোর্ভূতাশ্রয়ং ন্যস্য বদনে তীক্ষ্ণদর্শনং। ক্ষেত্রপং কর্ণয়োর্মধ্যে ক্ষেত্রপালং হৃদি ন্যসেৎ॥ ক্ষেত্রাখ্যং নাভিদেশে তু কট্যাং সর্ব্বাঘনাশনং ত্রিনেত্রমুর্ব্বোর্বিন্যস্য জঙ্ঘয়ো-রক্তপাণিকং॥ পাদয়ো-র্দেবদেবেশং সর্ব্বাঙ্গে বটুকং ন্যসেৎ। এবং ন্যাসবিধিং কৃত্বা তদনন্তরমুত্তমং॥ নামাষ্টশতকস্যাস্য ছন্দোঽনুষ্টুবুদাহৃতং। বৃহদারণ্যকো নাম ঋষিশ্চ পরিকীর্ত্তিতঃ॥ দেবতা কথিতা চেহ সদ্ভির্বটুকভৈরবঃ। সর্ব্বকামার্থসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ॥

ওঁ ভৈরবো ভূতনাথশ্চ ভূতাত্মা ভূতভাবনঃ। ক্ষেত্রদঃ ক্ষেত্রপালশ্চ ক্ষেত্রজ্ঞঃ ক্ষত্রিয়ো বিরাট্॥ শ্মশান বাসী মাংসাশী খর্পরাশী মখান্তকৃৎ। রক্তপঃ প্রাণদঃ সিদ্ধঃ সিদ্ধিদঃ সিদ্ধিসেবিতঃ॥ করালঃ কালশমনঃ কলা কাষ্ঠা তনুঃ কবিঃ। ত্রিনেত্রো বহুনেত্রশ্চ তথা পিঙ্গললোচনঃ॥ শূলপাণিঃ খড়্গপাণিঃ কঙ্কালী ধূম্রলোচনঃ। অভীরুর্ভৈরবোভীরুর্ভূতপো যোগিনীপতিঃ॥ ধনদো ধনহারী চ ধনপঃ প্রতিভানবান্। নাগহারো নাগকেশো ব্যোমকেশঃ কপালভৃৎ॥ কালঃ কপালহারী চ কমনীয়ঃ কলানিধিঃ। ত্রিলোচনোজ্জ্বলন্নেত্র-ত্রিশিখী চ ত্রিলোকপাৎ॥ ত্রিবৃত্তনয়নো ডিম্ভঃ শান্তঃ শান্তজনপ্রিয়ঃ। বটুকো বটুকেশশ্চ খট্টাঙ্গবরধারকঃ॥ ভূতাধ্যক্ষঃ পশুপতি-ভিক্ষুকঃ পরিচারকঃ। ধূর্ত্তো দিগম্বরঃ সৌরির্হরিণঃ পাণ্ডুলোচনঃ॥ প্রশান্তঃ শান্তিদঃ শুদ্ধঃ শঙ্করপ্রিয়বান্ধবঃ। অষ্টমূর্ত্তির্নিধীশশ্চ জ্ঞানচক্ষুস্তমোময়ঃ॥ অষ্টাধারঃ কলাধারঃ সর্পযুক্ শশিশেখরঃ। ভূধরো ভূধরাধীশো ভূপতির্ভূধরাত্মজঃ॥ কঙ্কালধারী মুণ্ডীচ নাগযজ্ঞোপবীতবান্। জৃম্ভনো মোহনস্তম্ভী মারণঃ ক্ষোভনস্তথা॥ শুদ্ধো নীলাঞ্জনপ্রখ্যঃ দেহো মুণ্ডবিভূষিতঃ। বলিভুক্ বলিভূতাত্মা কামী কামপরাক্রমঃ॥ সর্ব্বাপত্তারকো দুর্গো দুষ্টভূতনিষেবিত। কামী কলানিধিঃ কান্তঃ কামিনীবশকৃদ্বশী॥ সর্ব্বসিদ্ধিপ্রদো বৈদ্যঃ প্রভবিষ্ণুঃ প্রভাববান্। অষ্টোত্তরশতং নাম ভৈরবস্য মহাত্মনঃ॥ ময়া তে কথিতং দেবি রহস্যং সর্ব্বকামদং। য ইদং পঠতি স্তোত্রং নামাষ্টশতমুত্তমং॥ ন তস্য দুরিতং কিঞ্চিৎ ন রোগেভ্যো

জ্বরং তথা। ন শত্রুভ্যো ভয়ং কিঞ্চিৎ প্রাপ্নোতি মানবঃ কচিৎ। পাতকানাং ভয়ঞ্চৈব পঠেৎ স্তোত্র-মনন্যধীঃ। মারীভয়ে রাজভয়ে তথা চৌরাগ্নিজে ভয়ে॥ ঔৎপাতিকে ভয়ে ঘোরে তথা দুঃস্বপ্নদর্শনে। বন্ধনে চ তথা ঘোরে পঠেৎ স্তোত্রং সমাহিতঃ॥ সর্ব্বে প্রশমনং যান্তি ভয়াৎ ভৈরবকীর্ত্তনাৎ। একাদশ-সহস্রন্তু পুরশ্চরণমুচ্যতে॥ ত্রিসন্ধ্যং যঃ পঠেদ্দেবি সংবৎসরমতন্দ্রিতঃ। সমৃদ্ধিং প্রাপ্নুয়াদিষ্টাং দুর্ল্লভা-মপি মানুষঃ॥ ষণ্মাসাদ্ভূমিকামস্তু জপিত্বা লভতে মহীং। রাজা শত্রুবিনাশায় জপেন্মাসাষ্টকং পুনঃ॥ রাত্রৌ বারত্রয়ং চৈব নাশয়ত্যেব শাত্রবান্। জপেন্মাসত্রয়ং রাত্রৌ রাজানং বশমানয়েৎ॥ ধনার্থী চ সুতার্থী চ দারার্থী যস্তু মানবঃ। পঠেৎ বারত্রয়ং চৈব বারমেকং তথা নিশি॥ ধনং পুত্রাংস্তথা দারান্ প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ। রোগী রোগাৎ প্রমুচ্যেত বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ॥ ভীতো ভয়াৎ প্রমুচ্যেত দেবি সত্যং ন সংশয়ঃ যান্ যান্ সমীহতে কামান্ তাং স্তানাপ্নোতি নিশ্চিতং॥ অপ্রকাশ্য-মিদং গুহ্যং নদেয়ং যস্য কস্যচিৎ। সৎকুলীনায় শান্তায় ঋজবে দম্ভবর্জ্জিতে॥ দদ্যাৎ স্তোত্রমিদং পুণ্যং সর্ব্বকামফলপ্রদং। ধ্যানং তস্য প্রবক্ষ্যামি যথা ধ্যাত্বা পঠেন্নরঃ॥ শুদ্ধস্ফটিক সংকাশং সহস্রাদিত্যবর্চ্চসং। অষ্টবাহুং ত্রিনয়নং চতুর্ব্বাহুং দ্বিবাহুকং॥ ভুজঙ্গমেখলং দেব-মগ্নিবর্ণং শিরোরুহং। দিগম্বরং কুমারীশং বটুকাখ্যং মহাবলং॥ খট্টাঙ্গমসিপাশঞ্চ শূলঞ্চৈব তথা পুনঃ। ডমরুঞ্চ কপালঞ্চ বরদং ভুজগং তথা॥ নীলজীমূতসংকাশং

নীলাঞ্জনচয়প্রভং। দংষ্ট্রাকরালবদনং নূপুরাঙ্গদসংকুলং॥ আত্মবর্ণসমোপেতং সারমেয়সমন্বিতং। ধ্যাত্বা জপেৎ সুসংহৃষ্টঃ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥ করকলিতকপালঃ কুণ্ডলী দণ্ডপাণি-স্তরুণতিমিরনীলো ব্যালযজ্ঞোপবীতিঃ। ক্রতুসময়সপর্য্যা বিঘ্নবিচ্ছেদহেতুর্জয়তি বটুকনাথঃ সিদ্ধিদঃ সাধকানাং॥ এতৎ কথিতং দেবী নামাষ্টশতমুত্তমং। ভৈরবায় প্রহৃষ্টোঽভূৎ স্বয়ং চৈব মহেশ্বরী। ইতি বিশ্বসারতন্ত্রে আপদুদ্ধারকল্পে বটুকভৈরবস্তবঃ সমাপ্তঃ।

রামকবচম্।

ওঁ রামচন্দ্রায় নমঃ। ধ্যাত্বা নীলোৎপলশ্যামং রামং রাজীবলোচনং। জা নকীলক্ষণোপেতং জটামুকুটমণ্ডিতং। সাসিতূণ-ধনুর্ব্বাণ-পাণিং নক্তঞ্চরান্তকং। স্বলীলয়া জগত্রাতু-মাবির্ভূতমজং বিভুং। রামরক্ষাং পঠেৎ প্রাজ্ঞঃ পাপঘ্নীং সর্ব্বকামদাং। শ্রীরামকবচস্যাস্য বুধকৌশিক ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ শ্রীরামচন্দ্রোদেবতা শ্রীরামচন্দ্র-প্রীত্যর্থং জপে বিনিয়োগঃ। ওঁ শিরো মে রাঘবঃ পাতু ভালং দশরথাত্মজঃ। কৌশল্যেয়ো দৃশৌ পাতু বিশ্বামিত্রপ্রিয়ঃ শ্রুতী। ঘ্রাণং পাতু মখত্রাতা মুখং সৌমিত্রিবৎসলঃ। জিহ্বাং বিদ্যানিধিঃ পাতু কণ্ঠং ভরতবন্দিতঃ। স্কন্ধৌ দিব্যায়ুধঃ পাতু ভুজৌ ভগ্নেশকার্ম্মুকঃ। করৌ সীতাপতিঃ পাতু হৃদয়ং জামদগ্ন্যজিৎ। বক্ষঃ পাতু কবন্ধারি-স্তনৌ গীর্ব্বাণবন্দিতঃ। পার্শ্বৌ

কুলপতিঃ পাতু কুক্ষিমিক্ষ্বাকুনন্দনঃ। মধ্যং পাতু খরধ্বংসী নাভিং জাম্ববদাশ্রয়ঃ। গুহ্যং জিতেন্দ্রিয়ঃ পাতু পৃষ্ঠং পাতু রঘূদ্বহঃ। সুগ্রীবেশঃ কটীং পাতু সক্থিনী হনুমৎপ্রভুঃ। উরূ রঘূত্তমঃ পাতু রক্ষঃ-কুলবিনাশকৃৎ। জানুনী সেতুকৃৎ পাতু জঙ্ঘে দশমুখান্তকঃ। পাদৌ বিভীষণশ্রীদঃ পাতু রামোঽখিলং বপুঃ। এতাং রামবলোপেতাং রক্ষাং যঃ সুকৃতী পঠেৎ। স চিরায়ুঃ সুখী পুত্রী বিজয়ী বিনয়ী ভবেৎ। পাতাল ভূতলব্যোমচারিণশ্ছদ্মচারিণঃ। ন দ্রষ্টুমপি শক্তাস্তে রক্ষিতং রামনামভিঃ। রামেতি রামচন্দ্রেতি রামভদ্রেতি বা স্মরন্। নরো ন লিপ্যতে পাপৈর্ভুক্তিং মুক্তিঞ্চ বিন্দতি। জগজ্জৈত্রৈকমন্ত্রেণ রাম-নাম্নাভিরক্ষিতং যঃ করে ধারয়েত্তস্য করস্থাঃ সর্ব্বসিদ্ধয়ঃ। ভূর্জ্জপত্রে ত্বিমাং বিদ্যাং শ্বেতচন্দনচর্চ্চিতাং। কৃত্বা বৈ ধারয়েদ্‌যস্তু সোঽভীষ্টফলমাপ্নুয়াৎ। কাকবন্ধ্যা চ যা নারী মৃতাপত্যা চ যা ভবেৎ। বহ্বপত্যা জীববৎসা সা চ স্যান্নাত্র সংশয়ঃ। বজ্রপঞ্জরনামেদং যো রামকবচং পঠেৎ অব্যাহতাজ্ঞঃ সর্ব্বত্র লভতে জয়মঙ্গলং। আদিষ্টবান্ যথা স্বপ্নে রামরক্ষামিমাং হরিঃ। তথা লিখিতবান্ প্রাতঃ প্রবুদ্ধো বুধকৌশিকঃ। খড়্গিনৌ বদ্ধনিস্ত্রিংশৌ কাকপক্ষধরৌ শুভৌ বীরৌ মাং পথি রক্ষেতাং তাবুভৌ রামলক্ষ্মণৌ। তরুণৌ রূপসম্পন্নৌ সুকুমারৌ মহাবলৌ। পুণ্ডরীকবিশালাক্ষৌ চীরকৃষ্ণাজিনাম্বরৌ। ফল-মূলাশিনৌ দান্তৌ তাপসৌ ব্রহ্মচারিণৌ। পুত্রৌ দশরথস্যৈতৌ ভ্রাতরৌ

রামলক্ষ্মণৌ। শরণ্যৌ সর্ব্বসত্ত্বানাং শ্রেষ্ঠৌ সর্ব্বধনুষ্মতাং। রক্ষঃ কুলনিহন্তারৌ ত্রায়েতাং নৌ রঘূত্তমৌ। আত্ত-সজ্জ-ধনুষাবিষুস্পৃশা-বক্ষয়াশুগনিসঙ্গসঙ্গিনৌ। রক্ষণায় মম রামলক্ষ্মণাবগ্রতঃ পথি সদৈব গচ্ছতাং। সন্নদ্ধঃ কবচী খড়্গী চাপবাণধরো যুবা। গচ্ছমনোরথকাম্যান্ রামঃ পাতু সলক্ষ্মণঃ। অগ্রতস্তু নৃসিংহো মে পৃষ্ঠতো গরুড়ধ্বজঃ। পার্শ্বয়োস্তু ধনুষ্মন্তৌ সশরৌ রামলক্ষ্মণৌ। রামো দাশরথিঃ শূরো লক্ষ্মণানুচরো বলী। কাকুৎস্থঃ পুরুষঃ পূর্ণঃ কৌশলেয়ো রঘূত্তমঃ। বেদান্তবেদ্যো যজ্ঞেশঃ পুরাণঃ পুরুষোত্তমঃ। জানকীবল্লভঃ শ্রীমানপ্রমেয়পরাক্রমঃ। দক্ষিণে লক্ষ্মণো ধন্বী বামে চ জানকী শুভা পুরতো মারুতির্যস্য তং নমামি রঘূত্তমম্। আপদামপহর্তারং দাতারং সর্ব্বসম্পদাং। গুণাভিরামং শ্রীরামং ভূয়ো ভূয়ো নমাম্যহং। (এতানি মম নামানি মদ্ভক্তো যঃ সদা স্মরেৎ। অশ্বমেধাযুতং পুণ্যং স প্রাপ্নোতি ন সংশয়ঃ)। ইতি শ্রীপদ্মপুরাণে বেদব্যাসকৃতে ভগবদ্বুধকৌশিকপ্রণীতং বজ্রপঞ্জর নামাখ্যং শ্রীরামকবচং সমাপ্তম্।

অথ নবগ্রহকবচং।

ব্রহ্মোবাচ। শিরো মে পাতু মার্ত্তণ্ডঃ কপালং রোহিণীপতিঃ। মুখমঙ্গারকঃ পাতু কণ্ঠঞ্চ শশিনন্দনঃ। বুদ্ধিং জীবঃ সদা পাতু হৃদয়ং ভৃগুনন্দনঃ। জঠরঞ্চ শনিঃ পাতু জিহ্বাং মে দিতিনন্দনঃ। পাদৌ কেতুঃ

সদা পাতু বারাঃ সর্ব্বাঙ্গমেব চ। তিথয়োহষ্টৌ দিশঃ পাতু নক্ষত্রাণি বপুঃ সদা। অংশৌ রাশিঃ সদা পাতু যোগাশ্চ স্থৈর্য্যমেব চ। এতাং রক্ষাং পঠেদ্যস্তু অঙ্গং স্পৃষ্ট্বাপি বা পঠেৎ। সচিরায়ুঃ সুখী পুত্রী যুদ্ধে চ বিজয়ী ভবেৎ। রোগাৎ প্রমুচ্যতে রোগী বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ। শ্রিয়ঞ্চ লভতে নিত্যং রিষ্টিস্তস্য ন জায়তে। যঃ করে ধারয়েন্নিত্যং তস্যরিষ্টির্ন জায়তে। পঠনাৎ কবচস্যাস্য সর্ব্বপাপাৎ প্রমুচ্যতে। মৃতবৎসা চ যা নারী কাকবন্ধ্যা চ যা ভবেৎ। জীববৎসা পুত্রবতী ভবত্যেব ন সংশয়ঃ। ইতি জামলে নবগ্রহকবচং সমাপ্তং।

সরস্বতী স্তোত্রম্।

ওঁ নমঃ সরস্বত্যৈ। বৃহস্পতিরুবাচ। সরস্বতীং নমস্যামি চেতনাং হৃদিসংস্থিতাং। কণ্ঠস্থাং পদ্মযোনিস্থাং হ্রীঁ হ্রীঁ কারপ্রিয়াং শুভাং। মতিদাং বরদাঞ্চৈব সর্ব্বকামফলপ্রদাং। কেশবস্য প্রিয়াং দেবীং বীণাহস্তাং বরপ্রদাং। এঁ এঁ মন্ত্রপ্রিয়াং নিত্যাং কুমতীধ্বংসকারিণীং। স্বপ্রকাশাং নিরালম্বামজ্ঞানতিমিরাপহাং। মোক্ষদাঞ্চ সদা নিত্যং শুভদাং শোভনপ্রিয়াং। পদ্মস্থিতাং কুণ্ডলিনীং শুক্লবর্ণাং মনোহরাং। আদিত্যমণ্ডলে লীনাং প্রণমামি কুলপ্রিয়াং। ইতি সা সংস্তুতা দেবী বাগীশেন মহাত্মনা। আত্মানং দর্শয়ামাস শরদিন্দুসমপ্রভাং। দেব্যুবাচ॥ বরং বৃণুষ্ব ভদ্রন্তে যত্তে মনসি বর্ত্ততে। বৃহস্পতিরুবাচ॥

বরদা যদি মে দেবি দিব্যজ্ঞানং প্রযচ্ছ মে। দেব্যুবাচ॥ দদ্মস্তে নির্ম্মলং জ্ঞানং কুমতিধ্বংসকারিণং। স্তোত্রেণানেন যে ভক্ত্যা মাং স্তবন্তি সদা নরাঃ। তে লভন্তে পরং জ্ঞানং মম তুল্য পরাক্রমং। ত্রিসন্ধ্যং প্রযতো ভূত্বা যস্ত্বিদং পঠতে সদা। তস্য কণ্ঠে সদা বাসং করিষ্যামি ন সংশয়ঃ॥ ইতি শ্রীবৃহস্পতিবিরচিতং সরস্বতীস্তোত্রং সমাপ্তঃ। ওঁ তৎসৎ।

দশাবতারবিষ্ণুস্তোত্রম্।

আদায় বেদাঃ সকলাঃ সমুদ্রান্নিহত্য শঙ্খং রিপুমত্যুদগ্রং। দত্তাঃ পুরা যেন পিতামহায় বিষ্ণুং তমাদিং ভজ মৎস্যরূপং॥ ১॥ দিব্যামৃতার্থং মথিতে মহাব্ধৌ দেবাসুরৈর্ব্বাসুকিমন্দরাদ্যৈঃ। ভূমের্ম্মহাবেগবিঘূর্ণিতায়া-স্তং কূর্ম্মমাধারগতং স্মরামি॥ ২॥ সমুদ্রকাঞ্চীসরিদুত্তরীয়া বসুন্ধরা মেরুকিরীটভারা। দন্তাগ্রতো যেন সমুদ্ধৃতাহভূত্তমাদিলোকং শরণং প্রপদ্যে॥ ৩॥ ভক্তার্ত্তিভঙ্গক্ষময়া ধিয়া যঃ স্তম্ভাম্বরালাদুদিতোনৃসিংহঃ। রিপুং সুরাণাং নিশিতৈর্নখাগ্রৈর্ব্বিদারয়ন্তং ন চ বিস্মরামি॥ ৪॥ চতুঃসমুদ্রাভরণা ধরিত্রী ন্যাসায় নালং চরণস্য যস্য। একস্য নান্যস্য পদং সুরাণাং ত্রিবিক্রমং সর্ব্বগতং নমামি॥ ৫॥ ত্রিসপ্তবারং নৃপতিং নিহত্য হস্তার্পণং রক্তময়ং পিতৃভ্যঃ। চকার দোর্দণ্ডবলেন সম্যক্ তমাদিশূরং প্রণমামি বিষ্ণুং॥ ৬॥ কুলে রঘূণাং সমবাপ্য জন্ম বিধায় সেতুং জলধের্জলান্তঃ। লঙ্কেশ্বরং যঃ সময়াঞ্চকার

-সীতাপতিং তং প্রণমামি ভক্ত্যা ॥ ৭ ॥ হলেন সর্ব্বান্ নৃপতীন্ নিহত্য চকার চূর্ণং মূষলপ্রহারৈঃ । যঃ কৃষ্ণমাসাদ্য বলং বলীয়ান্ ভক্ত্যা ভজে তং বলভদ্ররামং ॥ ৮ ॥ পুরা সুরাণামসুরান্ বিজেতুং সম্ভাবয়ং শ্চীবরচিহ্নবেশং । চকার যঃ শাস্ত্রমমোঘকল্পং তং মূলভূতং প্রণতোঽস্মি বুদ্ধং ॥ ৯ ॥ কল্পাবসানে নিখিলৈঃ খুরাগ্রৈঃ সজ্ঞর্ষয়ামাস নিমেষমাত্রাং । যস্তেজসা নির্দ্দহতাতিভীমো বিশ্বাত্মকং তং তুরগং ভজামঃ ॥ ১০ ॥ শঙ্খং সুচক্রং সুগদাং সরোজং দোর্ভির্দ্দধানং গরুড়াধিরূঢ়ং শ্রীবৎসচিহ্নং জগদাদিমূলং তমালনীলং হৃদি বিষ্ণুমীড়ে ॥ ১১ ॥ ক্ষীরাম্বুধৌ শেষবিশেষতল্পে শয়ানমন্তঃস্মিতশোভিবক্ত্রং । উৎফুল্লনেত্রাম্বুজমম্বুদাভমাদ্যং শ্রুতীনামসকৃৎ স্মরামি ॥ ১২ ॥ প্রীণয়েদনয়া স্তুত্যা জগন্নাথং জগন্ময়ং । ধর্ম্মার্থকামমোক্ষণামাপ্তয়ে পুরুষোত্তমং ॥ ১৩ ॥ ইতি তন্ত্রসারোক্ত দশাবতারবিষ্ণুস্তবঃ সমাপ্তঃ ।

লক্ষ্মীস্তোত্রং ।

নমোলক্ষ্ম্যৈ । ঈশ্বর উবাচ । ত্রৈলক্যপূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা । ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া । পদ্মা পদ্মালয়া সম্পদুচ্চৈঃ শ্রী-পদ্মধারিণী । দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সংপূজ্য যঃ পঠেৎ । স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রদারাদিভিঃ সহ । ইতিলক্ষ্মীস্তোত্রং সমাপ্তম্ । ওঁ তৎসৎ ।

মধুসূদনস্তোত্রং।

ওঁ নমো মধুসূদনায়। ওমিতিজ্ঞানমাত্রেণ রাগাজীর্ণেন বর্জ্জিতঃ। কালনিদ্রাং প্রপন্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন। ১। ন গতির্বিদ্যতে নাথ ত্বমেবশরণং মম। পাপপঙ্কে নিমগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন। ২। মোহিতোমোহজালেন পুত্রদারগৃহাদিষু। তৃষ্ণয়া পীড্যমানোঽস্মি ত্রাহি মাং মধুসূদন। ৩। ভক্তিহীনঞ্চ দীনঞ্চ দুঃখশোকাতুরং প্রভো। অনাশ্রয়মনাথঞ্চ ত্রাহি মাং মধুসূদন। ৪। গতাগতেন শ্রান্তোঽস্মি দীর্ঘসংসারবর্ত্মসু। যেন ভূয়ো ন গচ্ছামি ত্রাহি মাং মধুসূদন। ৫। বহবো হি ময়া দৃষ্টা যোনিদ্বারং পৃথক্ পৃথক্। গর্ভবাসে মহদ্দুঃখং ত্রাহি মাং মধুসূদন। ৬। তেন দেব প্রপন্নোঽস্মি ত্রাণার্থে ত্বৎপরায়ণঃ। দুঃখার্ণবপরিত্রাণং ত্রাহি মাং মধুসূদন। ৬। বাচা যত্র প্রতিজ্ঞাতং কর্ম্মণা নোপপাদিতং ত্বৎপাপার্জ্জিত-মগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন। ৭। সুকৃতং ন কৃতং কিঞ্চিদ্দুষ্কৃতঞ্চময়া কৃতং। সংসারঘোরে মগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন। ৯। দেহান্তরসহস্রেষু চান্যোন্য ভ্রামিতো ময়া তির্য্যক্‌ত্বং মানুষত্বঞ্চ ত্রাহি মাং মধুসূদন। ১০। বাচয়ামি যথোন্মত্তঃ প্রলপামি তদগ্রতঃ। জরামরণভীতোঽস্মি ত্রাহি মাং মধুসূদন। ১১। যত্র যত্র চ জাতোস্মি স্ত্রীষু বা পুরুষেষু চ। তত্র তত্রাচলা ভক্তিস্ত্রাহি মাং মধুসূদন ১২। গত্বা গত্বা নিবর্ত্তন্তে চন্দ্রসূর্য্যাদয়ো গ্রহাঃ। অদ্যাপি ন নিবর্ত্তন্তে দ্বাদশাক্ষরচিন্তকাঃ। ১৩।

ঊর্দ্ধপাতালমর্ত্তেষু ব্যাপ্তং লোকজগত্রয়ং। দ্বাদশাক্ষরাৎ পরং নাস্তি বাসুদেবেন ভাষিতং। ১৪। দ্বাদশাক্ষরং মহামন্ত্রং সর্ব্বকামফলপ্রদং। গর্ত্তাবাসনিবাসেন শুকেন পরিভাষিতং। ১৫। দ্বাদশাক্ষরং নিরাহারো যঃ পঠেৎ হরিবাসরে। স গচ্ছেদ্বৈষ্ণবং স্থানং যত্র যোগেশ্বরো হরিঃ।১৬। ইতি শ্রীশুকদেবকৃতং মধুসূদনস্তোত্রং সমাপ্তং।

দরাপ খাঁ কৃত গঙ্গাষ্টকস্তোত্রং।

যত্তক্তং জননীগণৈর্যদপি ন স্পৃষ্টং সুহৃদ্বান্ধবৈ-র্যস্মিন্ পান্থদৃগন্তসন্নিপতিতে তৈঃ স্মর্য্যতে শ্রীহরিঃ। স্বাঙ্কে ন্যস্য তদীদৃশং বপুরহো স্বীকুর্ব্বতী পৌরুষং, ত্বং তাবৎ করুণাপরায়ণপরা মাতাঽসি ভাগীরথি॥ ১॥ অচ্যুত-চরণতরঙ্গিণি শশিশেখরমৌলিমালতীমালে। ত্বয়ি তনু বিতরণসময়ে দেয়া হরতা ন মে হরিতা॥ ২॥ শূন্যীভূতা শমননগরী নীরবা রৌরবাদ্যা যাতায়াতৈঃ প্রতিদিনমহো ভিদ্যমানা বিমানাঃ। সিদ্ধৈঃ সার্দ্ধং দিবি দিবিষদঃ সার্ঘ্যপাত্রৈকহস্তা মাতর্গঙ্গে যদবধি তব প্রাদুরাসীৎ প্রবাহঃ॥ ৪॥ পয়ো হি গাঙ্গং ত্যজতামিহাঙ্গং পুনর্ন চাঙ্গং যদি চাস্তি চাঙ্গম্। করে রথাঙ্গং শয়নে ভুজঙ্গং যানে বিহঙ্গং চরণে চ গাঙ্গম্॥ ৪॥ কত্যক্ষীণি করোটয়ঃ কতি কতি দ্বীপিদ্বীপানাং ত্বচঃ কাকোলাঃ কতি পন্নগাঃ কতি সুধাধাম্নশ্চ খণ্ডাঃ কতি। কিঞ্চ ত্বঞ্চ কতি ত্রিলোকজননি ত্বদ্বারিপূরোদরে মজ্জজ্জন্তুকদম্বকং সমুদয়ত্যেকৈকমাদায় যৎ॥ ৫॥ কুতোঽবীচির্বীচিস্তব যদি গতা লোচনপথং ত্বমাপীতা পীতাম্বরপুরনিবাসং বিতরসি। ত্বদুৎসঙ্গে গঙ্গে যদি পততি কায়স্তনুভৃতাং তদা মাতঃ

শাত্রুক্তবপবলাভোঽপ্যতিলঘুঃ ॥ ৬ ॥ ত্বমস্তো লোকানামখিলদুরিতাস্তেব দহসি প্রগল্ভী নিম্নানামপি নয়সি সর্ব্বোপরি গতান্। স্বয়ং জাতা বিষ্ণোর্জনয়সি মুরারাতিনিবহান্ অহো মাতর্গঙ্গে কিমিহ চরিতং তে বিজয়তে ॥ ৭ ॥ সুরধুনি মুনিকন্যে তারয়েঃ পুণ্যবন্তং স তরতি নিজপুণ্যৈস্তত্র কিন্তে মহত্তম্। যদি চ গতিবিহীনং তারয়েঃ পাপিনং মাং তদিহ তব মহত্বং তন্মহত্বম্ মহত্বং ॥ ৮ ॥ ইনি গঙ্গাষ্টকস্তোত্রং সমাপ্তম্ ॥

মনসা-স্তোত্রম্।

শ্রীমনসাদেব্যৈ নমঃ। জরৎকারুর্জগদ্গৌরী মনসা সিদ্ধযোগিনী ।। বৈষ্ণবী নাগভগিনী শৈবী নাগেশ্বরী তথা ॥ ১ ॥ জরৎকারুপ্রিয়াস্তিক-মাতা বিষহরীতি চ। মহাজ্ঞানযুতা চৈব সা দেবী বিশ্বপূজিতা ॥ ২ ॥ দ্বাদশৈতানি নামানি পূজাকালে চ যঃ পঠেৎ। তস্য নাগভয়ং নাস্তি তস্য বংশোদ্ভবস্য চ ॥ ৩ ॥ নাগভীতে চ শয়নে নাগগ্রস্তে চ মন্দিরে। নাগক্ষতে মহাদুর্গে নাগবেষ্টিতবিগ্রহে। ইদং স্তোত্রং পঠিত্বা তু মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৪ ॥ নিত্যং পঠন্তং দৃষ্ট্বা চ নাগবর্গঃ পলায়তে। দশলক্ষজপেনৈব স্তোত্রসিদ্ধির্ভবেন্নৃণাং ॥ ৫ ॥ স্তোত্রসিদ্ধির্ভবেদ্যস্য স বিষং ভোক্তুমীশ্বরঃ। নাগৌঘং ভূষণং কৃত্বা স ভবেন্নাগবাহনঃ। নাগাসনো নাগতল্পো মহাসিদ্ধো ভবেন্নরঃ ॥ ৬ ॥ ইতি ব্রহ্মবৈবর্ত্তপুরাণে প্রকৃতিখণ্ডে মনসোপাখ্যানে মনসাস্তোত্রং সমাপ্তম্ ॥

শীতলা-কবচং

ওঁ নমঃ শীতলাদেব্যৈ। দেব্যুবাচ। ভগবান্ দেব দেবেশ প্রধানপুরুষেশ্বর। তৎপ্রসাদাদবিঘ্নেন জ্ঞাতং সর্ব্বং চরাচরং॥ আগমেষু চ সর্ব্বেষু যন্ত্রং মন্ত্রং যথোদিতং। ইদানীং শ্রোতুমিচ্ছামি কবচং রোগনাশনং॥ দেব্যাঃ শ্রীশীতলায়াশ্চ কবচং ন প্রকাশিতং। তন্মে কথয় দেবেশ যদ্যস্তি মদনুগ্রহঃ॥ শ্রীমহাদেব উবাচ॥ সাধু সাধু মহাভাগে জন্তুনাং হিতকারিণি। প্রবক্ষ্যামি সমাসেন কবচং পরমদুর্লভং॥ যজ্‌জ্ঞাত্বা মুনয়ঃ সর্ব্বে রোগ শোক বিবর্জ্জিতাঃ। দেবাশ্চ দানবাঃ সর্ব্বে গন্ধর্ব্বাঃ কিন্নরস্তথা॥ নাগা মনুষ্যা যে কেচিৎ সর্ব্বে রোগ বিবর্জ্জিতাঃ। প্রণবো মে শিরঃ পাতু ভালং শ্রীশীতলা তথা॥ নাসিকাং বহ্নিজায়া চ মুখমেকাক্ষরো মনুঃ। জিহ্বায়াং বাগ্‌ভবং বীজং চক্ষুষী কামবীজকং॥ মায়া বীজন্তু কর্ণৌ মে কণ্ঠদেশন্তু কালিকা। স্কন্ধৌ দেবী সদা পাতু রোগানাং জননী মম॥ বাহুযুগ্মং তথা বক্ষঃ স্তনোদর-কটিং মম। সততং পাতু মাং দেবী সর্ব্বরোগ-নিবারিণী॥ গুহ্যং লিঙ্গং তথা মেঢ়-মুরুযুগ্মং তথৈব চ। পাদৌ মে পাতু মাং নিত্যং সদা গর্দ্দভবাহিনী। শীতলা পূর্ব্বদিগ্‌ভাগে আগ্নেয্যাং রোগনাশিনী। দক্ষিণে দক্ষিণাকালী মুণ্ডমালা বিধারিণী॥ নৈঋর্ত্যাং পাতু মাং নিত্যং সূর্পালঙ্কৃতমস্তকা। পশ্চিমে পাতু মাং নিত্যং সম্মার্জ্জনীধরা তথা॥ বায়ব্য পাতু মাং দেবী সদা কলসধারিণী। দিগম্বরী সদা পাতু

উত্তরস্যাং সনাতনী ॥ ঐশান্যাং দিশি মাং পাতু সততং ঘোরদর্শিনী। ঊর্দ্ধাধঃক্রমতো রক্ষেৎ শীতলা শীতলপ্রদা ॥ রাজদ্বারে শ্মশানে চ রণে দ্যূতে তথা পথি। সর্ব্বতঃ পাতু মাং নিত্যং দ্বিভুজা রোগনাশিনী। রক্ষাহীনন্তু যৎস্থানং বর্জ্জিতং কবচেন তু। তং সদা পাতু মাং নিত্যং শীতলা খরবাহিনী ॥ ইতি তে কথিতং দেবি কবচং রোগ নাশনং। যস্মৈ কস্মৈ ন দাতব্যং যদীচ্ছেদাত্মনো হিতং ॥ পূজাং বিধায় মহতীং শুক্লমভ্যর্চ্চ্য সাধকঃ। অষ্টোত্তর শতং বাপি সহস্রং বা বিশেষতঃ ॥ রোগানাং হ্রাসবৃদ্ধিঞ্চ জ্ঞাত্বা জপ্ত্বা শুভং লভেৎ। ভক্তিযুক্তায় শান্তায় সাধকায় তথৈব চ ॥ পরদারেষু ক্লীবায় জীবানাং হিতকর্ত্তৃণে। ব্রাহ্মণায় সদা দেয়ং ন দেয়ং দাম্ভিকায় চ ॥ ঘোর বিস্ফোটকে চৈব মহাভয়মুপস্থিতে। গলগণ্ডাদি রোগেষু পঠিতব্যং সদা বুধৈঃ ॥ ইদং কবচমজ্ঞাত্বা যঃ কুর্য্যাৎ শীতলার্চ্চনং। স্বল্পায়ুর্নির্ধনঃ পাপী ব্যাধিভিঃ পরিপীড়িতঃ। পুত্রদারাদিভিঃ সার্দ্ধং লভতে যম যাতনাং ॥ চেতসা ভক্তিযুক্তেন পূজয়িত্বা দিগম্বরীং। যঃ পঠেৎ কবচং দেবী সোঽভীষ্টফলমাপ্নুয়াৎ ॥ বিশেষতঃ কলৌ দেবীং কলি দুঃখবিমোচিনীং। শীতলাং পূজয়েৎ বিদ্বান্ মহাভয় বিপত্তিষু। কৃত্বা তু প্রতিমাং দিব্যাং নানাভরণভূষিতাং। পূজয়িত্বা বিধানেন দরিদ্রো ধনবান্ ভবেৎ ॥ ইতি কলিদুঃখ বিমোচন তন্ত্রে শীতলাকবচং সমাপ্তং ॥ ওঁ তৎসৎ ॥ ৩ ॥

বিশেষ বিজ্ঞাপন।

ডাক ঘরের নূতন আইনে চারি আনা মূল্যের পুস্তক ভিঃ পিঃতে পাঠাইতে পাঁচ আনা এবং ১২ [illegible] নয় আনা মাসুল লাগে এজন্য অনেকে ভিঃ পিঃ ফেরত দিয়া ক্ষতি করেন, অতএব সাধারণকে বিশেষভাবে জানাইতেছি যে, এক টাকা মূল্য পর্য্যন্ত টিকিট পত্র মধ্যে না পাঠাইলে পুস্তক পাঠাইব না। বিবেচনা না করিয়া অনর্থক মাসুল ব্যয় দ্বারা উভয় পক্ষের ক্ষতি কর্ত্তব্য নহে। হিন্দু-সৎকর্ম্মমালা কলিকাতার অনেক পুস্তকালয়েও পাওয়া যায়, সুযোগমতে সে সকল স্থান হইতেও লোক দ্বারা লইবেন।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য।
পোঃ,—বরাহনগর, পালপাড়া চতুষ্পাঠী।